

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 20 April, 2025

তালিকাভুক্ত আইনজীবী হতে হলে বাংলাদেশ বার কাউন্সিলের এনরোলমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। এই পরীক্ষার প্রথম ধাপ অর্থাৎ এমসিকিউ হবে ২৫ এপ্রিল ২০২৫ (শুক্রবার), বেলা ৩ ঘটিকায়। শেষ সময়ের প্রস্তুতি ও গুরুত্বপূর্ণ টপিক (সাজেশন) সম্পর্কে জানাচ্ছেন ঢাকা জজকোর্টের অ্যাডভোকেট মো. মহিউদ্দীন।

বাংলাদেশ বার কাউন্সিলের এনরোলমেন্ট পরীক্ষা হয় ৩টি ধাপে। আইনজীবী হওয়ার প্রথম ধাপে ঘণ্টাব্যাপী ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা হয়। এমসিকিউ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চার ঘণ্টাব্যাপী ১০০ নম্বরের লিখিত পরীক্ষা হয়। আর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সর্বশেষ ধাপে ৫০ নম্বরের মৌখিক পরীক্ষার (ভাইভা) মুখোমুখি হতে হয়। মৌখিকে উত্তীর্ণ প্রার্থীরা বাংলাদেশ বার কাউন্সিলে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন।

বিগত বছরের পরীক্ষায় আসা প্রশ্নগুলো বিশ্লেষণ করে দেখা গেছে, প্রশ্ন হয় ৩ ধরনের। ১. ধারাকেন্দ্রিক; ২. আদালতের প্রসিডিউর কেন্দ্রিক; ৩. সমস্যার সমাধানকেন্দ্রিক। প্রস্তুতি নেওয়ার ক্ষেত্রে এই বিষয়টি মাথায় রাখতে হবে।

যা যা পড়বেন

প্রশ্নগুলো প্রথমে ব্যাখ্যাসহ সমাধান করতে হবে। যেসব ধারা থেকে বেশি প্রশ্ন এসেছে, সেগুলোকে বেশি গুরুত্ব দিতে হবে। বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে যেসব ধারা থেকে সাধারণত প্রশ্ন থাকে, সেগুলো নিয়ে আলোচনা করা হলো। আশা করি, এগুলো পড়লে

পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য ভালো প্রস্তুতি হবে।

দেওয়ানি কার্যবিধি, ১৯০৮

ধারা থেকে যা যা পড়বেন: ২(২), ২(৮), ২(১২), ৯-১১ (ব্যাখ্যাসহ), ১৫-১৮, ২৩, ২৪, ৩২, ৩৮, ৪৮, ৫৪, ৫৬, ৫৮, ৭৪, ৮০, ৮৮, ৮৯ক, ৮৯গ, ৯১, ৯৬, ১০৪, ১০৭, ১১৪, ১১৫, ১২২, ১৩৭, ১৪৪, ১৫১, ১৫২, ১৫৩,

আদেশ থেকে যা যা পড়বেন

আদেশ-১, বিধি-৮, ৯; আদেশ-২, বিধি -২, ৩; আদেশ-৫, বিধি-১, ৯, ১৫, ২০; আদেশ-৬, বিধি-১, ১৪, ১৫, ১৬, ১৭; আদেশ-৭, বিধি-১, ২, ৯, ১০, ১১; আদেশ-৮, বিধি-১, ৫, ৬; আদেশ-৯, বিধি-৫, ৮, ৯, ৯ক, ১৩, ১৩ক; আদেশ -১১, বিধি-১, ২১; আদেশ-১২, বিধি-৬; আদেশ-১৩, বিধি-৮, আদেশ-১৪, বিধি-১, ৫; আদেশ-১৬, বিধি-১২, আদেশ -১৭, বিধি-১, ২; আদেশ -১৮, বিধি-১৭, ১৮, ২০; আদেশ-২০, বিধি-১; আদেশ-২১, বিধি-১১, ২২, ৩২, ৪৬, ৮৫, ৯০, ৯৮; আদেশ-২২, বিধি-৮, ৯ক; আদেশ-২৩, বিধি-৩; আদেশ-২৬, বিধি-৪, ৯; আদেশ-৩২, বিধি-২, আদেশ -৩৩, বিধি-১; আদেশ -৩৮, বিধি-১-৪; ৫, ১২, আদেশ-৩৯, বিধি-২, ৫ক; আদেশ-৪০, বিধি-১; আদেশ -৪১, বিধি-১, ২, ৫, ১২ক, ২২, ২৩; আদেশ -৪৩, বিধি-১; আদেশ -৪৭, বিধি -৭।

সুনির্দিষ্ট প্রতিকার আইন, ১৮৭৭

ধারা: ৫, ৭, ৮, ৯, ১২, ১৯, ২১, ২১ক, ২২, ২৩, ২৭, ২৮, ৩১, ৩৫, ৩৯, ৪২, ৪৪, ৫২, ৫৪, ৫৫, ৫৬, ৫৭।

ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮

ধারা: ৪(এইচ), ৪ক, ৬, ৯, ১১, ১৭, ২৫, ২৯খ, ২৯গ, ৩৩ক, ৩১, ৩২, ৩৫ক, ৪৬, ৫৪, ৫৯, ৬১, ৬৫, ৭৫, ৮১, ৮৩, ৮৮, ৯৯ক, ১০০, ১০৩, ১০৭, ১২৯, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৭, ১৬১, ১৬৪, ১৬৭, ১৭২, ১৭৩, ১৭৪, ১৭৬, ১৮২, ১৯০, ১৯৩, ২০০, ২০১, ২০২, ২০৩, ২০৪, ২২১, ২২৭, ২৪১এ, ২৪৭, ২৪৮, ২৪৯, ২৫০, ২৬০, ২৬২, ২৬৫সি, ২৬৫ই, ৩৩৯বি, ৩৪০, ৩৪২, ৩৪৪, ৩৫৯, ৩৬৬, ৩৭৩, ৩৭৪, ৩৭৬, ৩৮২, ৩৯৯, ৪০১, ৪০২, ৪০৩, ৪০৭, ৪০৮, ৪১০, ৪১২, ৪১৩, ৪১৪, ৪১৭, ৪১৭ক, ৪২১, ৪২৬, ৪৩১, ৪৩৯এ, ৪৯১, ৪৯২, ৪৯৬-৪৯৮, ৫১৪, ৫১৭, ৫২৪, ৫২৬, ৫২৬খ, ৩৯বি, ৫৪০ ও ৫৬১এ।

দণ্ডবিধি, ১৮৬০

ধারা: ৪ (উদাহরণসহ), ১৯, ২৪, ৩৪, ৩৭, ৫২, ৫৩, ৫৩ক, ৫৪, ৫৫, ৫৫ক, ৫৭, ৬৩, ৬৫, ৬৭, ৭০, ৭৬, ৭৭, ৮০, ৮২, ৮৩, ৯৩, ৯৭, ১০০, ১০২, ১০৩, ১০৮ (ব্যাখ্যা), ১০৯, ১১১, ১১৪, ১২১, ১২৪ক, ১৪১, ১৪৯, ১৫৯, ১৬২, ১৮৭, ১৮৮, ১৯৩, ২০৯, ২১১, ২১৯, ২৯৯ (উদাহরণ), ৩০০ (ব্যতিক্রমসহ উদাহরণ), ৩০২, ৩০৩, ৩০৪খ, ৩০৭, ৩০৯, ৩১২, ৩২০, ৩২৬, ৩৩৩, ৩৪০, ৩৫১, ৩৫৩, ৩৫৯, ৩৬১, ৩৬২, ৩৭৫, ৩৭৮, ৩৭৯, ৩৮০, ৩৮৩ (উদাহরণ), ৩৯০, ৩৯১, ৩৯৬, ৪০৩, ৪০৬, ৪০৮, ৪১১, ৪১৫, ৪১৬, ৪২০, ৪২৫ (উদাহরণ), ৪৪৫, ৪৪৬, ৪৬৪ (ব্যাখ্যা), ৪৬৮, ৪৯৭, ৪৯৯, ৫০৬, ৫০৯ ও ৫১১।

সাক্ষ্য আইন, ১৮৭২

ধারা: ৫, ৮, ১০, ১১, ২২ক, ২৪, ২৫, ২৭, ২৮, ৩০, ৩২, ৩৩, ৪০, ৪৫, ৪৭, ৪৭ক, ৫৩, ৫৭, ৫৮, ৫৯, ৬১, ৬৩, ৬৫, ৬৫খ, ৬৮, ৭৩, ৭৪, ৭৫, ৮৫, ৯০, ১০১, ১০৩, ১০৪

(উদাহরণ), ১০৫, ১০৬ (উদাহরণ), ১০৮, ১১২, ১১৪ (উদাহরণ), ১১৫, ১১৬, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২৬, ১৩৩, ১৩৪, ১৩৭, ১৩৮, ১৪২, ১৪৩, ১৪৫, ১৪৭, ১৫১, ১৫৪, ১৫৯, ১৬৫ ও ১৬৭।

তামাদি আইন, ১৯০৮

ধারা: ৩, ৫, ৬, ৮, ৯, ১২, ১৪, ১৮, ২২, ২৩, ২৫, ২৬, ২৮, ২৯; অনুচ্ছেদ: ৩, ২৩, ৫৯, ৮৪, ৯১, ৯৫, ৯৬, ১০৩, ১১৩, ১২০, ১৪২, ১৪৯, ১৭০, ১৭৩, ১৭৬, ১৭৭ ও ১৮১।

পেশাগত আচরণ, বার কাউন্সিল রুলস এবং লিগ্যাল ডিসিশন শেষ সময়ে এই অংশে বিগত সালে অনুষ্ঠিত এমসিকিউ প্রশ্নগুলো সমাধান করলে আশা করি পরীক্ষার প্রস্তুতি ভালো হবে।

সহায়িকা চাকরি ক্যারিয়ার টিপস ক্যারিয়ার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:49

URL: <https://www.timestodaybd.com/bangladesh/1110775807>